# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৯০

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ আবূ বকর বিন আব্দুর রহমান বিন হারিস বিন হিশাম রহিমাহুল্লাহ হাদীসটি সরাসরি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা ও উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহা থেকে শ্রবণ করেছেন এবং তিনি হাদীসটি তার বাবার মধ্যস্থতায়ও তাদের থেকে শ্রবণ করেছেন মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ أَبَا بَكْرِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْحَارِثِ بْنِ هِشَامٍ سَمِعَ هَذَا الْخَبَرَ عَنْ أُمِّ سَلَمَةَ وَعَائِشَةَ وَسَمِعَهُ عَنْ أبيه عنهما

---

আরবী

3490 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي السَّرِيِّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ أَبِي بَكْرِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْحَارِثِ بْنِ هِشَامِ بْنِ الْمُغِيرَةِ الْمَخْزُومِيِّ: قَالَ: سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (مَنْ أَدْرَكَهُ الصُّبْحُ جُنُبًا فَلَا صَوْمَ لَهُ) فأنطلقتُ أَنَا وَأَبى فَدَخَلْنَا عَلَى أُمِّ سَلَمَةَ وَعَائِشَةَ زوجي النَّبِيِّ صلى الله عليه وسلم فَسَأَلْنَاهُمَا فَأَخْبَرَتَا أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم كَانَ يُصبح جُنُبًا مِنْ غَيْرِ حُلُمٍ ثُمَّ يَصُومُ فَدَخَلْنَا عَلَى مَرْوَانَ بْنِ الْحَكَمِ فَأَخْبَرْنَاهُ بِقَوْلِهِمَا وَبِقَوْلِ أَبِي هُرَيْرَةَ فَقَالَ مَرْوَانُ: عَزَمْتُ عَلَيْكُمَا إِلَّا ذَهَبْتُمَا إِلَى أَبِي هُرَيْرَةَ فأخبرتُماهُ فَلَقِينَا أَبَا هُرَيْرَةَ وَهُوَ عِنْدَ بَابِ الْمَسْجِدِ فَقُلْنَا لَهُ: إِنَّ الْأَمِيرَ عَزَمَ عَلَيْنَا فِي أمرٍ نَذْكُرُهُ لَكَ قَالَ: وَمَا هُوَ؟ فحدَّثَهُ أَبِي فتلوَّن وَجْهُ أَبِي هُرَيْرَةَ وَقَالَ: هَكَذَا حَدَّثَنِي الْفَضْلُ بن العباس وهوأعلم

قال الزهري: فجعل الحديث إلى غيره

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3490 | خلاصة حكم المحدث: صحيح: ق.

বাংলা

৩৪৯০. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “যে ব্যক্তি জুনুবী অবস্থায় ভোর করবে, সে যেন সিয়াম না রাখে।” অধঃস্তন রাবী বলেন, “এরপর আমি ও আমার বাবা আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা ও উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহার কাছে যাই। অতঃপর আমরা তাদেরকে এই ব্যাপারে জিজ্ঞেস করি। তখন তারা দুইজনই বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম স্বপ্নদোষ ছাড়া অন্য কারণে (অর্থাৎ স্ত্রী সংগম করার কারণে) জুনুবী অবস্থায় ভোর করেছেন। তারপর তিনি সিয়াম রেখেছেন।” তারপর আমরা মারওয়ানের কাছে আসি এবং তার কাছে তাদের উভয়ের হাদীস ও আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহুর কথা  বর্ণনা করি। তখন মারওয়ান বলেন, “আমি আপনাদের দুইজনকে তাকীদ দিচ্ছি যে, আপনারা আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে যান এবং তার কাছে হাদীসটি বর্ণনা করুন।” অতঃপর আমরা আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে যাই, এসময় তিনি মাসজিদের দরজার কাছে ছিলেন। তখন আমরা তাকে বলি, “নিশ্চয়ই মারওয়ান আমাদেরকে একটা বিষয়ে তাকীদ দিয়ে আপনাকে বলতে বলেছেন।” তখন তিনি বলেন, “সেটা কী?” তখন আমার বাবা তাকে হাদীসটি বর্ণনা করেন। এটা শুনে আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহুর চেহারা বিবর্ণ হয়ে যায়। তিনি বলেন, “ফযল বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু আমাকে এভাবে হাদীসটি বর্ণনা করেছেন। এই ব্যাপারে তিনিই ভালো জানেন।”[1]

ইমাম যুহরী রহিমাহুল্লাহ বলেন, “তিনি হাদীসটিকে অন্যের দিকে সম্পৃক্ত করেছেন।”

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১১০৯; নাসাঈর বরাতে তুহফাতুল আহওয়াযী: ১২/৩৪১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৩৯৮; সুনান বাইহাকী: ৪/২১৪-২১৫; মুয়াত্তা ইমাম মালিক: ১/২৯০; সহীহুল বুখারী: ১৯২৫; মুশকিলুল আসার: ৫৩৫; শারহু মাআনিল আসার: ২/১০২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ৩৪৭৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92824

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন